

যুগান্তর

১২/৭/০০
তারিখ
পৃষ্ঠা ০৮ কলাম ১

এইচএসএস পরীক্ষা : ১১টি কেন্দ্রে কুমিল্লা বোর্ডের সতর্কতামূলক চিঠি

নওশাদ কবীর, কুমিল্লা থেকে

এইচএসএস পরীক্ষার প্রথম দিনে জেলার বিভিন্ন কেন্দ্রে অব্যবস্থাপনা, অনিয়ম, পরিদর্শকদের নাজেহাল, ভাংচুর এবং ভিজিলাস টিমগুলোর অভিযোগের পরিপ্রেক্ষিতে কুমিল্লা শিক্ষাবোর্ড ১১টি পরীক্ষা কেন্দ্রে কেন্দ্র সচিবদের শুক্রবার সতর্কতামূলক চিঠি দিয়েছে। কেন্দ্রগুলো

হচ্ছে- নাঙ্গলকোট হাসান মেমোরিয়াল কলেজ, নাঙ্গলকোট এআর উচ্চ বিদ্যালয়, চৌদ্দগ্রামের গুণবতী হাইস্কুল, ব্রাহ্মণপাড়ার সাহেবাবাদ কলেজ ও ভগবান সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, বড়িচং এরশাদ কলেজ, চান্দিনা রেদোয়ান আহমদ কলেজ ও ডা. ফিরোজা খাতুন মহিলা কলেজ, নিমসার এইচএসএস কেন্দ্র ১৫ কলাম : ২

এইচএসএস : চিঠি

(১ম পৃষ্ঠার পর)

জনাব আলী কলেজ, দাউদকান্দির হাসানপুর এসএন সরকারি কলেজ এবং দেবিদ্বারের আলহাজ জোবেদা খাতুন মহিলা কলেজ। কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর অরুণ কুমার ভট্টাচার্য জানান, আজ শনিবার ইংরেজি দ্বিতীয়পত্রের পরীক্ষায় উল্লিখিত কেন্দ্রগুলোর বিরুদ্ধে কোন অনিয়মের অভিযোগ পাওয়া গেলে সেসব কেন্দ্র বাতিল করে শহরে নিয়ে আসা হবে।

এছাড়া আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কারণে দুটি ভেন্যু কেন্দ্র পরিবর্তন করা হয়েছে। এগুলো হচ্ছে দাউদকান্দি পাইলট উচ্চ বিদ্যালয় এবং গৌরীপুর সুবল আফতাব উচ্চ বিদ্যালয় ভেন্যু কেন্দ্র। বৃহস্পতিবার পরীক্ষার প্রথম দিনে এ দুটি কেন্দ্রে নকলনির্ভর পরীক্ষার্থী ও উচ্চশ্রমিক বহিরাগতদের কারণে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটে। জেলা প্রশাসক ও বোর্ড কর্তৃপক্ষ জানান, আজ শনিবার থেকে দাউদকান্দি পাইলট উচ্চ বিদ্যালয়ের পরীক্ষার্থীরা গৌরীপুর মুন্সী ফজলুর রহমান সরকারি কলেজ এবং গৌরীপুর সুবল আফতাব উচ্চ বিদ্যালয়ের পরীক্ষার্থীরা হাসানপুর এসএন সরকারি কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশ নেবে। এদিকে জেলা প্রশাসক মোঃ রেজাউল করিম আজ থেকে ভিজিলাস টিমগুলোর তৎপরতা আশু জোরদার করার ব্যাপারে সংশ্লিষ্ট টিমের কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন।